



# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড

বকশিবাজার, ঢাকা-১২১১

Website: [www.bmeb.gov.bd](http://www.bmeb.gov.bd)



নং-বামাশিবো/রিক/০১

তারিখ: ০১/০১/২০২০খ্রি:


## অফিস আদেশে

শিক্ষা মন্ত্রণালয়ের ৩০/১২/২০১৯ তারিখের নং-৫৭.০৩.০০০০.০২৮.০৬.০০১.১৯-২০২৩ স্মারকের মাধ্যমে প্রেরিত পত্র মোতাবেক বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০১৮ অনুযায়ী কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ-এর আওতাধীন এমপিওভুক্ত প্রতিষ্ঠানসমূহের (মাদ্রাসা) তথ্যাদি যাচাই কাজ গত ১৮.১২.২০১৯ হতে ২৪.১২.২০১৯ পর্যন্ত সম্পন্ন করা হয়।

নির্ধারিত তারিখে যাচাই কাজে যে সকল শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) উপস্থিত হতে পারেনি, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের যাচাই কার্যক্রম আগামী ০৫.০১.২০২০ তারিখ সকাল ১০টায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে যথারীতি অনুষ্ঠিত হবে।

এমপিও ভুক্তির জন্য নির্বাচিত যে সকল শিক্ষা প্রতিষ্ঠান নির্ধারিত তারিখে যাচাইকাজে উপস্থিত হতে পারেনি, সে সকল শিক্ষা প্রতিষ্ঠানের তথ্য যাচাইয়ের জন্য সংযুক্ত তালিকায় বর্ণিত কাগজপত্রসহ প্রতিষ্ঠান প্রধানকে একজন উপযুক্ত শিক্ষকসহ ০৫.০১.২০২০ তারিখ সকাল ১০টায় বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ডে উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।


যাচাই কার্যক্রমের সময় সকল কাগজপত্রের মূল কপি দেখাতে হবে এবং ১(এক) সেট সত্যায়িত ফটোকপি জমা দিতে হবে।

  
০১.১.২০২০  
(প্রফেসর কায়সার/আহমেদ)

চেয়ারম্যান

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

বি: দ্র: প্রয়োজনীয় কাগজপত্রের তালিকা পরবর্তী পাতায় দ্রষ্টব্য।

  
০১.০১.২০

